দৈনিক ইনকিলাব

তারিখ ... 01 JUL 1990
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 2

14

## শিক্ষাঙ্গনে

### মাধ্যমিক পর্যায়ে ইসলাম শিক্ষা

গত ২৪-৬-৯০ ইং তারিখে দৈনিক ইনকিলাবের 'শিক্ষা ও বিজ্ঞান' পৃষ্ঠায় পাঠকের কলামে প্রকাশিত আদমজী ক্যান্টনমেন্ট কলেজের জনৈক শিক্ষক খান কলিমুল্লাহ'র নিবন্ধটির প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। সরকার ইসলাম শিক্ষা বাধ্যতামূলক করায় মুসলমান ছাত্ররা অমুসলমান ছাত্রদের তুলনায় মোট নম্বর কম পাবে। ফলে মেধা তালিকায় অমুসলমান ছাত্ররা শীর্ষে অবস্থান করবে বলে তিনি শংকিত। একটি ভাল শিক্ষা প্রতিষ্ঠানের একজন শিক্ষক হয়ে তিনি মেধা তালিকায় শীর্ষস্থান দখলের প্রতি কেন গুরুত্ব দিলেন বুঝলাম না। তিনি একটি গুরুতর আপত্তিকর প্রস্তাব দিয়েছেন। তিনি বলেছেন, অনূর্ধ ১০% মুসলমান শিক্ষার্থীকে ইসলাম ধর্মের পরিবর্তে অন্য বিষয় নেয়ার সুযোগ দেয়া হোক। (সম্ভবত যাতে এই ১০% মেধা তালিকায় স্থান পায়)। আসলে ইসলাম শিক্ষা আরো আগেই বাধ্যতামূলক করা উচিত ছিল। কেননা, মুসলমানদের জন্য ইসলাম শিক্ষার গুরুত্ব অনেক বেশী এবং এই শিক্ষা অর্জন প্রতিটি মুসলমানের জন্য ফরয। আমাদের পরিচয় আমরা মুসলমান। ইসলাম আমাদের পবিত্র ধর্ম। ইসলাম বিজ্ঞ… সাথে… সমান… ইসলাম… অর্জিত দ… ব্যবহারের শি… এই শিক্ষানী… এখতিয়ার কো… সুতরাং ১০% …দের জন্য ইসলাম শিক্ষা রহিত করার প্রস্তাব কোনভাবেই যুক্তিসঙ্গত নয়।

—এস, এম, শফিকুর রহমান (নয়ন)